গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
কর্মসংস্থান শাখা-০৩
www.probashi.gov.bd

বিষয়: 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৫' ও 'জাতীয় প্রবাসী দিবস-২০২৫' উদযাপন উপলক্ষ্যে "প্রকাশনা বিষয়ক উপকমিটি"র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুল ইসলাম চৌধুরী<br>যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ)<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১৯-১১-২০২৫ খ্রি., সকাল: ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | যুগ্মসচিব (কর্মসংস্থান) মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

০২। সভার শুরুতে "প্রকাশনা বিষয়ক উপকমিটি"র আহবায়ক ও সভার সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং জাতীয় প্রবাসী দিবস, ২০২৫ সফলভাবে উদযাপন উপলক্ষ্যে সকলকে আন্তরিকভাবে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি এ বছর প্রকাশিতব্য স্যুভেনির ও ক্রোড়পত্রের মান, কলেবর, প্রচ্ছদ, প্রাসঙ্গিক লেখা/আর্টিকেল, বাণী, প্রকাশনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ও সম্ভাব্য ব্যয় ইত্যাদি বিষয়ে উপস্থিত সদস্যগণের মতামত আহ্বান করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাঁদের মতামত ব্যক্ত করেন।

০৩। সভায় স্যুভেনির, ক্রোড়পত্র ও জনকল্যাণমূলক কার্যক্রম সম্পর্কিত প্রকাশনা/পুস্তিকা প্রকাশের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৪। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

৪.১ স্যুভেনির প্রকাশনা:

(ক) স্যুভেনিরে প্রকাশের নিমিত্ত (i) সংশ্লিষ্ট দেশ ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের অবদান, (ii) বৈশ্বিক চ্যালেঞ্জ ও প্রবাসী বাংলাদেশি, iii) প্রবাসীদের কল্যাণে সরকারের গৃহীত কার্যক্রম ও ভবিষ্যতে করণীয়, (iv) বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসীদের রেমিট্যান্সের গুরুত্ব, V) নিরাপদ অভিবাসন, vi) অভিবাসনে সুশাসন, vii) অভিবাসনে বাংলাদেশের অর্জন, Viii) Reintegration, ix) প্রবাসীদের সফলতার গল্প প্রভৃতি thematic area-সহ প্রবাসী কল্যাণ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে লেখা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সর্বোচ্চ ১২০০ শব্দে, ফন্ট সাইজ ১২, Nikosh অথবা Times New Roman ফন্ট ব্যবহার করে যথাক্রমে বাংলা ও ইংরেজি লেখা টাইপ করে সফট কপি (shahidchy22@gmail.com, dsemployment3@probashi.gov.bd, dsemployment1@probashi.gov.bd , reza16102@gmail.com, ও sasemployment2@probashi.gov.bd) ই-মেইলে ও হার্ড কপি যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয় বরাবর আগামী ০২ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

(গ) ছবির মান বজায় রেখে (৫০০০-৩০০০ পিক্সেল ও ৫ এমবি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা এবং অন্যান্য অংশীজনকে অভিবাসন সংশ্লিষ্ট সাম্প্রতিক ছবি এবং ঐতিহাসিক/দুর্লভ ছবি প্রেরণ করার অনুরোধ করা হয়। বিদেশে বাংলাদেশি কর্মীদের কর্মক্ষেত্রের কিছু বাস্তব/সাম্প্রতিক ছবি এবং প্রাসঙ্গিক লেখা সংগ্রহের নিমিত্ত মিশন ও কল্যাণ অনুবিভাগের মিশন-২ শাখার উপসচিব জনাব আশ্রাফ আহমেদ রাসেল নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

I. জাপানস্থ বাংলাদেশ দূতাবাসে নিযুক্ত মান্যবর রাষ্ট্রদূত এর কাছ থেকে জাপান শ্রমবাজারের সম্ভাবনা বিষয়ে একটি লেখা সংগ্রহ করবেন;

II. সৌদি আরবের শ্রমবাজারে সমস্যা, সম্ভাবনা ও করণীয় সম্পর্কে সৌদি আরবের রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর (শ্রম) এর কাছ থেকে লেখা সংগ্রহ করবেন।

III. বিদ্যমান শ্রমবাজার এবং সম্ভাবনাময় শ্রম বাজার সম্পর্কে বিভিন্ন শ্রম কল্যাণ উইং হতে লেখা সংগ্রহ করবেন।

IV. বড় এবং গুরুত্বপূর্ণ শ্রমবাজারে কর্মরত এক/একাধিক অভিবাসী কর্মীর বিদেশ যাত্রার প্রেক্ষাপট, প্রবাস জীবনের সুখ দুঃখের অনুভূতি, প্রবাসী কর্মীদের জন্য শ্রমকল্যাণ উইংয়ের সহযোগিতা সংক্রান্ত Real life story সংগ্রহ করবেন।

V. আরব আমিরাত ফেরত জুলাই যোদ্ধাদের অনুভূতি বর্ণনাসূচক লেখা সংগ্রহ করবেন।

(ঘ) স্যুভেনিরে প্রকাশের জন্য স্যুভেনিরের একটি নাম প্রস্তাব করার জন্য অনুরোধ করা হলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রবাসী-২০২৫ নামকরণ করার সিদ্ধান্ত/প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(ঙ) বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃক অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে গৃহীত গুরুত্বপূর্ণ কর্মকান্ডের তথ্য উপাত্ত সম্বলিত ছক/সারণী/গ্রাফ ইত্যাদি তথ্য সরবরাহ করবেন। তাছাড়া, বিএমইটি এজেন্টভিত্তিক কর্মী প্রেরণ এবং বিদেশে কর্মী গ্রহণকারী কোম্পানী/এমপ্লয়ারদের তথ্যও সরবরাহ করবেন।

(চ) স্যুভেনিরটি যথাসময়ে প্রকাশের নিমিত্ত আগামী ০২ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে লেখা, ছবি ও প্রাসঙ্গিক বিষয়বস্তু জমা দিতে হবে।

(ছ) আগামী ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রাপ্ত লেখাসমূহ দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র ও স্যুভেনির প্রকাশনা উপকমিটি কর্তৃক মূল্যায়ন ও সম্পাদনের পরবর্তী সভায় আয়োজন করতে হবে।

(জ) স্যুভেনির জন্য একটি উপযুক্ত প্রচ্ছদ প্রস্তুতের নিমিত্ত দায়িত্ব প্রাপ্ত ছাপাখানার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ১ম প্রচ্ছদ ও শেষ প্রচ্ছদ নিয়ে পূর্ণাঙ্গ প্রচ্ছদ তৈরি করা হবে। কমিটি কর্তৃক পোস্টার, ব্যানার, লিফলেট, স্যুভেনির ইত্যাদির জন্য একটি কমন প্রচ্ছদ ও স্লোগান প্রস্তুত করা হবে।

(ঝ) মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, মাননীয় উপদেষ্টা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মাননীয় উপদেষ্টা, পররাষ্ট মন্ত্রণালয়, এবং সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রকাশনা উপকমিটি'র আহবায়ক এর বাণীর জন্য উপকমিটির নির্ধারিত সদস্যগণ নিম্নরূপ কার্যাবলী সম্পাদন করবেন:

| | |
|---|---|
| জনাব মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল উপসচিব (কর্মসংস্থান শাখা-০১), প্রকবৈকম | মাননীয় উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর বাণীর খসড়া প্রস্তুত ও সংগ্রহ করবেন। |
| জনাব এ কে এম রেজাউর রহমান, উপসচিব (আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অধিশাখা), প্রকবৈকম | ILO, IOM এবং মাননীয় প্রধান উপদেষ্টার বাণীর খসড়া প্রস্তুত ও সংগ্রহ করবেন। |
| মিজ হাছিনা বেগম, উপসচিব (কর্মসংস্থান-১ শাখা), প্রকবৈকম | মহাপরিচালক, বিএমইটি, মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল এবং যুগ্মসচিব (কর্মসংস্থান), প্রকবৈকম এর বাণী সংগ্রহ করবেন। |
| মিজ প্রিয়াংকা পাল, সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট-২ শাখা), প্রকবৈকম | পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং সংশ্লিষ্ট এনজিও এর বাণীর খসড়া প্রস্তুত ও সংগ্রহ করবেন। |

(ঞ) ইতোমধ্যে স্যুভেনিরের কাজ করেছে এমন প্রতিষ্ঠানকে প্রফেশনাল প্রুফরিডার রাখার শর্তে প্রকাশনার দায়িত্ব প্রদানের সুপারিশ করা হয়। মন্ত্রণালয় এক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। প্রকাশনার বাজেট আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(ট) স্যুভেনির প্রকাশের নিমিত্ত যাবতীয় কার্যক্রম সমন্বয় করার জন্য নিম্নবর্ণিত উপ-কমিট গঠন করা হয়:

| | | |
|---|---|---|
| ০১। | জনাব মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল<br>উপসচিব (কর্মসংস্থান শাখা-০১), প্রকবৈকম | আহ্বায়ক |
| ০২। | গাজী মোঃ শাহেদ আনোয়ার<br>উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রকবৈকম | সদস্য |
| ০৩। | ড. আনিছুর রহমান, উপসচিব (অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল), প্রকবৈকম | সদস্য |
| ০৪। | মিজ হাছিনা বেগম, উপসচিব (কর্মসংস্থান-২ শাখা), প্রকবৈকম | সদস্য |
| ০৫। | জনাব আশ্রাফ আহমেদ রাসেল, উপসচিব (মিশন-২ শাখা), প্রকবৈকম | সদস্য |
| ০৬। | প্রিয়াংকা পাল<br>সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট-২ শাখা), প্রকবৈকম | সদস্য |
| ০৭। | মিজ তৃপ্তি কণা মন্ডল<br>সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান-৪ শাখা), প্রকবৈকম | সদস্য |
| ০৮। | জনাব এ কে এম রেজাউর রহমান<br>উপসচিব (আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অধিশাখা), প্রকবৈকম | সদস্য সচিব |

কমিটির দায়িত্ব: ১) স্যুভেনির প্রকাশের নিমিত্ত যাবতীয় কার্যক্রম সমন্বয় ও সম্পাদন;

২) আগামী ০২ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে লেখা সংগ্রহসহ সম্পাদনার কাজ সমাপ্তকরণ; এবং

৩) আগামী ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে চূড়ান্ত খসড়া প্রস্তুত করে প্রকাশনা বিষয়ক উপ-কমিটি'র আহবায়কের নিকট পেশকরণ।

৪.২ ক্রোড়পত্র প্রকাশনা:

(ক) ১৮ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখে ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত ০২ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে মধ্যে ক্রোড়পত্র চূড়ান্ত করে প্রকাশের নিমিত্ত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) তথ্য মন্ত্রণালয়ের তালিকা অনুসারে প্রধান প্রধান দৈনিক পত্রিকায় ১ পেইজ কালার ক্রোড়পত্র প্রকাশের জন্য প্রতিটি পত্রিকার জন্য নির্ধারিত ব্যয় নির্বাহ করা হবে। দৈনিক পত্রিকার সংখ্যা ও আনুষঙ্গিক বাজেট পরবর্তীতে মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত করা হবে। এ সকল প্রকাশনা সংক্রান্ত ব্যয় মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাজেট হতে নির্বাহ করা হবে।

(গ) ক্রোড়পত্রে এ মন্ত্রণালয় ও তার আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বৈদেশিক কর্মসংস্থান, প্রবাসীদের কল্যাণে পরিচালিত সার্বিক কার্যক্রম বিষয়ে প্রাসঙ্গিক লেখা প্রদানের নিমিত্ত মহাপরিচালক বিএমইটি এবং মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে অনুরোধ জানানো হবে।

ঘ) ক্রোড়পত্র প্রকাশ ও লেখা নিমিত্ত গাজী মোঃ শাহেদ আনোয়ার, উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রকবৈকম, ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত যাবতীয় কর্যক্রম সমন্বয় করার জন্য নিম্নবর্ণিত উপ-কমিটি গঠন করা হয়:

| | | |
|---|---|---|
| ০১। | গাজী মোঃ শাহেদ আনোয়ার, উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রকবৈকম | আহ্বায়ক |
| ০২। | জনাব মোঃ শিবলী সাদিক, সিনিয়র সহকারী সচিব (সেবা ও প্রটোকল শাখা), প্রকবৈকম | সদস্য |
| ০৩। | পরিচালক (প্রশিক্ষণ), বিএমইটি | |
| ০৪। | মিজ প্রিয়াংকা পাল, সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট-২ শাখা), প্রকবৈকম | সদস্য |
| ০৫। | জনাব ম. শেফায়েত হোসেন, তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রকবৈকম | সদস্য |
| ০৬। | জনাব কাফী বিন কবির, সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট-৩ শাখা), প্রকবৈকম | সদস্য সচিব |

কমিটির দায়িত্ব: ১) ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত যাবতীয় কার্ক্রম সমন্বয় ও সম্পাদন;

২) আগামী ০২ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে লেখা সংগ্রহসহ সম্পাদনার কাজ সমাপ্তকরণ; এবং

৩) আগামী ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে চূড়ান্ত খসড়া প্রস্তুত করে প্রকাশনা বিষয়ক উপ-কমিটি'র আহবায়কের নিকট পেশকরণ।

(ঙ) ক্রোড়পত্র কোন কোন পত্রিকায় প্রকাশ করা হবে তা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হবে।

৪.৩ স্যুভেনির প্রকাশের নিমিত্ত দাপ্তরিক/নিজস্ব সংগ্রহ হতে উল্লেখযোগ্য, আকর্ষণীয় ও বিষয়বস্তুর প্রাসঙ্গিক ছবি সরবরাহের জন্য উপকমিটির সদস্যগণকে এবং অত্র মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ব্যাংক, আইএলও, আইওএম, সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থা, এনজিও এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের শ্রম উইং এর কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪.৪ সভায় অত্র মন্ত্রণালয়ের অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল শাখার উপসচিব ড. আনিছুর রহমান, মিশন-২ শাখার উপসচিব জনাব আশ্রাফ আহমেদ রাসেল, সিনিয়র সহকারী সচিব, সেবা ও প্রটোকল শাখার সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ শিবলী সাদিক এবং প্রফেসর ইশরাত শামিম, Center for Women and Children Studies (CWCS)-কে সর্বসম্মতিক্রমে অত্র উপকমিটির সম্মানিত সদস্য হিসেবে কো-অপ্ট করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

তারিখ: ১৯ নভেম্বর ২০২৫

মো: শহিদুল ইসলাম চৌধুরী

যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ)

ও

আহ্বায়ক, আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৫ ও

জাতীয় প্রবাসী দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গঠিত

প্রকাশনা বিষয়ক উপকমিটি

নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০৪৭.১৬.০০০৩.২৫ - ২৯৫

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিতরণ: (প্রয়োজনীয় কার্যার্থে)/(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১ সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০২ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩ মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০৪ মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৫ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৭ মহাপরিচালক (কন্স্যুলার ও কল্যাণ) পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮ উপসচিব (কর্মসংস্থান-১ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৯ উপসচিব (আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অধিশাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০ ড. আনিছুর রহমান, উপসচিব (অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১ উপসচিব (মিশন-২ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১২ উপসচিব (কর্মসংস্থান-২ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩ সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট-৩ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৪ সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট-২ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৫ সিনিয়র সহকারী সচিব (সেবা ও প্রটোকল শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৬ তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৭ পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
১৮ প্রশাসক, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীস (বায়রা) ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
১৯ প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
২০ হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২১ প্রফেসর ইসরাত শামীম, প্রেসিডেন্ট এন্ড কনসাল্টেন্ট, CWCS, ৯২, ইস্কাটন রোড, ঢাকা।
২২ প্রোগ্রাম হেড, ব্র্যাক, ব্র্যাক সেন্টার (১২ তলা), ৭৫ মহাখালী, ঢাকা।
২৩ কমিউনিকেশন অফিসার, আইওএম, বাড়ী#১৩/এ, রোড#১৩৬, গুলশান-১, ঢাকা-১২১২।
২৪ ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২৫ সভাপতি, সিডব্লিউসিএস, ৯২ ইস্কাটন রোড, ঢাকা।
২৬ প্রোজেক্ট ম্যানেজার, (রামরু), সাত্তার ভবন (৪র্থ তলা), ১৭৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
২৭ Programm Coordinator, ওকাপ, সওদাগর গার্ডেন (৪র্থ তলা), ৪৬৬ নয়াপাড়া, দনিয়া পোস্ট অফিস রোড, শনির আখড়া, ঢাকা।
২৮ নির্বাহি পরিচালক, বাংলাদশে নারী শ্রমিক কেন্দ্র (বিএনএসকে), ৩৫/১৭, রোড#০৪, শ্যামলী, ঢাকা।
২৯ Techneal Adviser, হেলভেটাস সুইস কর্পোরেশন, বাড়ী#৩০ CWN(A), রোড#৪২/৪৩, গুলশান-২, ঢাকা।
৩০ মার্কেটিং ম্যানেজার, টিএমএসএস, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা।
৩১ কনসালটেন্ট, টিএমএসএস, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা।
৩২ ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, ইউএন-উইমেন, বাড়ী ৩৯, রোড ৪৩, গুলশান-২, ঢাকা।
৩৩ সভাপতি, ওয়ারবি ডেভেলপমেন্ট ফাউন্ডেশন,বাড়ী ১৫৫, বি (৪র্থ তলা), রোড-২২, ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৩৪ প্রধান নির্বাহি কর্মকর্তা, আইআইডি, ঢাকা।
৩৫ ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, ইউএন-উইমেন, বাড়ি ৩৯, রোড ৪৩, গুলশান-২, ঢাকা।
৩৬ আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৫ ও জাতীয় প্রবাসী দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গঠিত উপকমিটির আহ্বায়ক, সদস্য,সদস্য-সচিব (সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।

২০.১১.২০২৫

(গাজী মোঃ শাহেদ আনোয়ার)
উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা)
ও
সদস্য সচিব
প্রকাশনা বিষয়ক উপকমিটি